



বাংলাদেশ সহকারী হাই কমিশন  
আগরতলা, ত্রিপুরা

স্মারক নং- বিএএইচসি (এজিটি)/এডমিন/এএ/৩৩২/০২

তারিখঃ ১৫ নভেম্বর ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ সহকারী হাই কমিশন এ অস্থায়ীভাবে নিম্নবর্ণিত পদে নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স	বেতন	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
০১	প্রশাসনিক সহকারী	০১	প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে (০৫/১২/২০২৩ অনুযায়ী)	২৫,০০০.০০ রুপী (সর্বসাকুল্যে)	ন্যূনতম স্নাতক ডিগ্রি/সমমান	১। প্রার্থীকে গ্রাফিক্স ডিজাইন ও ভিডিও এডিটিং-এ পারদর্শী হতে হবে। এছাড়াও বাংলা ও ইংরেজীতে টাইপিং দক্ষতা থাকতে হবে। ২। প্রার্থীকে বাংলা, ইংরেজী এবং হিন্দি ভাষায় পারদর্শী হতে হবে। ৩। প্রশাসনিক পদে অভিজ্ঞ/ আইটি ডিগ্রিধারী প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

- প্রার্থীকে বাংলাদেশ সহকারী হাই কমিশন, আগরতলা বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্রসহ বিস্তারিত জীবন বৃত্তান্ত/বায়োডাটা আগামী ০৫/১২/২০২৩ তারিখ (বিকাল ৫ টার মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি অত্র মিশনে দাখিল করতে হবে।
- আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
  - সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি।
  - সকল শিক্ষাগত যোগ্যতার সনদ এর সত্যায়িত/অ্যাটাস্টেড কপি।
  - সংশ্লিষ্ট রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র ও ফটো আইডি'র কপি।
- বাছাইকৃত আবেদনপত্র হতে স্বল্প সংখ্যক প্রার্থীকে লিখিত/মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। পরবর্তীতে বাছাইকৃত প্রার্থীদেরকে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার তারিখ, সময় ও স্থান জানিয়ে দেয়া হবে।
- লিখিত/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ভুল কিংবা ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে এবং প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে সহকারী হাই কমিশনের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

কর্তৃপক্ষ  
বাংলাদেশ সহকারী হাই কমিশন  
আগরতলা, ত্রিপুরা